

Sixth India-Nepal Joint Commission Meeting

January 15, 2021

ষষ্ঠ ভারত-নেপাল যৌথ কমিশনের সভা

জানুয়ারী 15, 2021

15 জানুয়ারী 2021 তারিখে নয়াদিল্লিতে ভারত-নেপাল যৌথ কমিশনের ষষ্ঠ বৈঠকের সহসভাপতিত্ব করেন বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর এবং নেপালের বিদেশ বিষয়ক মাননীয় মন্ত্রী শ্রী প্রদীপ কুমার গ্যাওয়ালি। দুই প্রতিনিধি দলের মধ্যে ছিলেন ভারতের পররাষ্ট্রসচিব হর্ষবর্ধন শ্রিংলা এবং নেপালের পররাষ্ট্রসচিব, শ্রী ভারত রাজ পাউদিয়াল এবং উভয় পক্ষের উর্ধ্বতন আধিকারিকগণ।

যৌথ কমিশন দু'দেশের মধ্যে বহুমুখী সহযোগিতার সবদিক বিশদে পর্যালোচনা করে এবং পারস্পরিক ঘনিষ্ঠ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্কের পরম্পরা আরও জোরদার করে। যোগাযোগ, অর্থনীতি ও বাণিজ্য, বিদ্যুৎ, তেল ও গ্যাস, জলসম্পদ, রাজনৈতিক ও সুরক্ষা বিষয়, সীমান্ত সমস্যা, উন্নয়নমূলক সহযোগিতা, পর্যটন, সংস্কৃতি, শিক্ষা এবং শক্তি বৃদ্ধিসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতার সুযোগ নিয়ে উভয় পক্ষ আলোচনা করেছেন। যৌথ কমিশনের শেষ বৈঠকের পর থেকে বেশ কয়েকটি দ্বিপাক্ষিক উদ্যোগের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ এবং সুনির্দিষ্ট অগ্রগতি হয়।

কোভিড-19 মহামারী মোকাবিলায় এই অঞ্চলে উভয় পক্ষের ঘনিষ্ঠ সহযোগিতা লক্ষ করা গেছে। ভারতে কোভিশিল্ড এবং কোভাক্সিন ভ্যাকসিন উৎপাদনে উল্লেখযোগ্য সাফল্যের জন্য নেপাল ভারতকে অভিনন্দন জানিয়েছে এবং শীঘ্র তাদের ভ্যাকসিন সরবরাহ করার জন্য অনুরোধ করেছিল।

মতিহারি-আমলেখগঞ্জ পেট্রোলিয়াম পণ্যপাইপলাইন স্থাপনের মাইলফলক স্মরণ করে, উভয় পক্ষ চিতওয়ানে পাইপলাইন সম্প্রসারণ এবং পূর্বদিকে শিলিগুড়ি থেকে নেপালের ঝাপা অবধি একটি নতুন পাইপলাইন স্থাপনের বিষয়ে আলোচনা করেছেন।

জনকপুর হয়ে জয়নগর থেকে কুর্খ অবধি ভারত ও নেপালের মধ্যে প্রথম যাত্রীবাহী রেলপথের প্রায়সমাপ্ত কাজকে স্বাগত জানিয়েছে উভয় পক্ষই এবং জানিয়েছে যে ট্রেন পরিষেবা চালু করার জন্য অপারেটিং পদ্ধতি চূড়ান্ত করা হচ্ছে। সম্ভাব্য রাকসোল-কাঠমান্ডু ব্রডগেজ রেলপথ সহ অন্যান্য আন্তঃসীমান্ত রেল যোগাযোগ প্রকল্পগুলি নিয়েও আলোচনা হয়েছিল।

সীমান্তে লোকচলাচল ও পণ্য পরিবহনের সুবিধার্থে যৌথ কমিশন জোর দিয়েছিল। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে বীরগঞ্জ এবং বিরাতনগরে সম্প্রতি উদ্বোধিত ইন্টিগ্রেটেড চেকপোস্টগুলি দুই দেশের মধ্যে মানুষের নির্বিঘ্ন চলাচল এবং বাণিজ্যে সহায়তা করেছে। উভয় পক্ষ নেপালগঞ্জে তৃতীয় আইসিপি নির্মাণকাজের সূচনাকে স্বাগত জানিয়েছে। ভারত জানিয়েছে যে ভৈরহায় নতুন আইসিপি নির্মাণের কাজ শীঘ্রই শুরু করা হবে। প্রস্তাবিত পঞ্চেশ্বর বহুমুখী প্রকল্প সহ যৌথ জলবিদ্যুৎ প্রকল্পগুলি স্বরাশ্রিত করার বিষয়ে আলোচনা হয়েছে, যাতে উভয় দেশের জনগণ জন্য বহু সুবিধাপ্রাপ্ত হবে।

ভারত জানিয়েছে যে অনুদান সহায়তায় তারা নেপালে পশুপতিনাথ রিভারফ্রন্ট ডেভেলপমেন্ট এবং পাটান দরবারের ভান্ডারখাল উদ্যান পুনরুদ্ধারের মত আরও দুটি সাংস্কৃতিক ঐতিহ্যমূলক প্রকল্প গ্রহণ করবে।

উভয় পক্ষই আন্তর্জাতিক, আঞ্চলিক এবং উপ-আঞ্চলিক সহযোগিতা নিয়ে মতবিনিময় করেছে। ক্ষমতার পরিবর্তিত ভারসাম্য প্রতিবিশ্বিত করতে জাতিসংঘে ভারতের একটি অতিরিক্ত নিরাপত্তা কাউন্সিলে স্থায়ী সদস্যপদ নেপাল সমর্থন করেছে।

উভয় পক্ষ পারস্পরিক সুবিধাজনক তারিখে নেপালে যৌথ কমিশনের পরবর্তী বৈঠক করতে সম্মত হয়েছে।

নিউ দিল্লি
জানুয়ারী 15, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.